# পঞ্চম উপজেলা পরিষদের ৫৫ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ১৪ ডিসেম্বর ২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ; পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০১(এক)টি এ্যাম্বুলেন্স অকেজো অবস্থায় রয়েছে। এ্যাম্বুলেন্সটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত এ্যাম্বুলেন্সটি মেরামত বাবদ প্রায় ২ লক্ষ টাকা খরচ হবে । উক্ত টাকা উপজেলা উন্নয়ন কর্মসূচী(এডিপি) এর স্বাস্থ্য খাত হতে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।<br>তিনি আরোও জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২য় ও ৪র্থ শ্রেণির জনবল কম থাকার কারণে জনগনকে চিকিৎসা সেবা দেওয়া খুবই সমস্যা হচ্ছে। বিধায় জরুরী ভিত্তিতে জনবল প্রদায়ন করা প্রয়োজন। | ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অকেজো এ্যাম্বুলেন্সটি মেরামত করার জন্য উপজেলা উন্নয়ন কর্মসূচী(এডিপি) এর স্বাস্থ্য খাত হতে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২য় ও ৪র্থ শ্রেণির জনবল প্রদায়নের নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করা জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরোও জানান, বর্তমানে শীতকাল এই সময়ে গরু চুরি বেড়ে যায়। তাই গরু চুরি রোধ করার জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আইন-শৃঙ্খলা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ কানাইঘাট থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ২০২৩ সালের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩য় প্রান্তিক মূল্যয়ন শেষ হয়েছে; ফলাফল প্রকাশ চলমান রয়েছে। শিক্ষাক্রম-২০২১ বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ শেষ পর্যায়ে।<br>ডিসেম্বর ২০২৩ সালের মধ্যে বিদ্যালয় পর্যায়ে ২০২৪ সালের বই বিতরণ সম্পন্ন হবে।<br>উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা পাওয়ার পর বিদ্যালয় | প্রাথমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | থেকে শিক্ষার্থী পর্যায়ে বই বিতরণ করা হবে বলে সভাকে অবহিত করেন। | | |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিনামুল্যে পাঠ্যপুস্তক(৬ষ্ঠ শ্রেণি হতে ৯ম শ্রেণি) পর্যন্ত সাধারণ এবতেদায়ী দাখিল(১ম হতে ৯ম) পর্যন্ত ৬৪% পাঠ্যপুস্তক পাওয়া যায়। চলতি মাসেই প্রতিটি প্রতিষ্ঠানে বই বিতরণ কার্যক্রম শুরু হবে।<br>তিনি আরোও জানান, আগামী ১৭ ডিসেম্বর-২০২৩ থেকে নতুন কারি-কুলামের বিষয় ভিত্তিক শিক্ষকদের প্রশিক্ষণ শুরু বলে সভাকে অবহিত করেন।<br>উপজেলা মাধ্যামিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, উপজেলা পরিষদের ভিতরে বঙ্গবন্ধু আইসিটি ভবন নির্মাণের নির্ধারিত জায়গায় কয়েকটি গাছ থাকার কারণে উক্ত জায়গায় ভবন নির্মাণের কাজ শুরু করা যাচ্ছে-না। বিধায় জরুরী ভিত্তিতে উক্ত গাছগুলো কর্তন ও অপসারণ করা প্রয়োজন বলে সভাকে অবহিত করেন।। | বিধি মোতাবেক উপজেলা পরিষদের ভিতরে বঙ্গবন্ধু আইসিটি ভবন নির্মাণের নির্ধারিত জায়গার উপরে গাছগুলো কর্তন ও অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা ও উপজেলা বিট কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা/ উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের ভিতরের বাসাবাড়ি কোয়াটার কর্মকর্তা/কর্মচারীদের ডরমেটরীগুলো নষ্ট হয়ে যাওয়ার কারণে বাসাবাড়ি কোয়াটার ও ডরমেটরীগুলোতে সরকারী কর্মকর্তা ও কর্মচারীরা বসবাস করা খুবই কষ্টকর হয়ে পড়েছে। বিধায় বাসাবাড়ি কোয়াটার ও ডরমেটরীর নতুন ভবন নির্মাণ করার জন্য প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের ভিতরের বাসাবাড়ি কোয়াটার ও কর্মকর্তা /কর্মচারীদের ডরমেটরীর নতুন ভবন নির্মাণে বরাদ্দের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রবি মৌসুমে কৃষি বিভাগের মাধ্যমে সরকারীভাবে প্রণোদনা কর্মসূচীর আওতায় ০৪(চার)টি ধাপে মাসকালাই ৮ প্রকার রবিশস্য হাইব্রিড বোরো ধান, উফশী বোরো ধানের ব্রীজ ও সার কৃষকের মাঝে বিতরণ করা সম্পন্ন হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, বর্তমান শুকনো মৌসুমে জলমহাল/বিলে পানি কমতে শুরু করেছে। এ সময় জলাশয় /জলমহাল/ বিল মাছ ধরার চেষ্টা করে। মাছের বংশ রক্ষা করতে এবং দেশীয় প্রজাতির মাছের আবাসস্থল ঠিক রাখতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা মৎস্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে, মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক লাইভ ভেরিফিকেশন চলমান আছে। লাইভ | লাইভ ভেরিফিকেশনে প্রকৃত প্রতিবন্ধী ব্যতীত অন্য কোন ব্যক্তি ভাতা পেয়ে থাকলে তাদের | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউনিয়ন পরিষদ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ভেরিফিকেশনে প্রকৃত প্রতিবন্ধী ব্যতীত অন্য কোন ব্যক্তি ভাতা পেয়ে থাকলে তাদের শনাক্তকরণে সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। | শনাক্তকরণে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদেরকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, আসন্ন শীত মৌসুমে গরীব ও দুস্থদের মধ্যে বিতরণের জন্য ৪১০০(চার হাজার একশত)পিস কম্বল বরাদ্দ পাওয়া গিয়াছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের কারণে কম্বল বিতরণ করা যাচ্ছে না। বিধায় নির্বাচনের পরে বরাদ্দকৃত কম্বলগুলো বিতরণ করা হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এর আওতাধীন মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ১৫(পনের) জন অসহায় দরিদ্র মহিলাদের মাঝে প্রত্যেকে ২০,০০০/-(বিশ) হাজার) টাকা করে ১৫ জনকে মোট = ৩,০০,০০০/-(তিন লক্ষ)টাকা প্রদান করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ৬ষ্ঠ ধাপ অস্ত্রসহ প্রশিক্ষণে সিলেট জেলাধীন আখালিয়ায় ১২ জন সদস্য প্রশিক্ষণে রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা তথ্য আপা প্রকল্পের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা তথ্য আপা প্রকল্পের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, যুব উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, উপজেলা বন | উপজেলা বন বিভাগের বিভাগীয় | উপজেলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় ০২(দুই)টি প্রকল্পের মাধ্যমে পানির উৎস স্থাপন কাজ চলমান আছে। মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং কয়েকজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সাইট প্রদান করেছেন। যারা এখনও পর্যন্ত সাইট দেননি তারা দ্রুত সাইট প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, নভেম্বর মাসের খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। আমন মৌসুমের ধান সংগ্রহ কার্যক্রম চলমান আছে। আমরা ইতিমধ্যে ১৬ মে:টন ধান সংগ্রহ করতে পেরেছি। উল্লেখ্য যে আমাদের লক্ষ্যমাত্রা ছিল ৪৮৪ মে.টন এবং এ কার্যক্রম ২৯ ফেব্রুয়ারি-২০২৪ পর্যন্ত চলমান থাকবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক কানাইঘাট শাখায় ২৪৭ টি সমিতির ৬৪৮০ জন প্রান্তিক জনগোষ্টি রয়েছেন। এর মধ্যে ৩৯০৫ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে। সেই মর্মে সমিতির সদস্যের কাছ থেকে সঞ্চয় আদায়,ঋণ বিতরণ, ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জানান, গত ১৯-০৬-২০২৩ খ্রিঃ হতে অত্র অফিসের কার্যক্রম চালু হওয়ার পর হতে অত্র অফিসের সাথে জরুরী ভিত্তিতে যোগাযোগের জন্য মোবাইল ০১৯০১-০২৩৬৪৬ নাম্বারটি ব্যাপকভাবে গণসংযোগে প্রচারের মাধ্যমে সেবা প্রদান নিশ্চিত করে যাচ্ছি অগ্নিকান্ড ও সড়ক-দুর্ঘটনায় উদ্ধারসহ সকল প্রকার প্রাকৃতিক দুর্যোগে সেবা প্রদান যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্টেশন অফিসার কানাইঘাট,সিলেট |
| ২৪ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৫ | গ্রাম আদালত | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত | (ক) সকল অনিষ্পন্ন মামলা | চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিচালনা | মামলার সংখ্যা ৯২ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৭ টি এবং ৮৫ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৬ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ: সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৭ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা (গ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ;(ঙ)উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত বাবদ ২৫০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয়; (চ) উপজেলা পরিষদের ভিতরে পরিষ্কার পরিচ্ছন্নতা ও গাছের ডাল ছাটানো বাবদ ব্যয়; (ছ) জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা-২০২৩ খ্রিঃ উপলক্ষ্যে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার ও ভিডিপি সদস্যদের ৫৪০/-(পাঁচশত চল্লিশ) টাকা হারে ০৩(তিন) দিনের ভাতা বাবদ মোট = ৩,২৪০/-(তিন হাজার দুইশত চল্লিশ)টাকা; (জ) আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরের সার্বিক নিরাপত্তার স্বার্থে নিয়োগকৃত ০৪(চার) | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন আনসার ও ভিডিপি সদস্যদের ৫৪০/- হারে ২৭ (সাতাশ) দিনের ভাতা বাবদ মোট = ৫৮,৩২০/-(আটান্ন হাজার তিনশত বিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

14/12/2023

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.৩৩৮(৩৭)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩০
১৪ ডিসেম্বর ২০২৩

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান --------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব -------------------------------------- কানাইঘাট, সিলেট
১২। অফিস কপি

24/12/24

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ফারজানা নাসরীন | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোছাঃ খালিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব আব্দুর মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো ঃ আবু তাহীর | চেয়ারম্যান,০৪ নং সাতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নংঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: শফিকুল হক ভূইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব ডা: নবনীতা সরকার তন্নী | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মো: জাহাঙ্গীর হোসেন | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব রফিকুল ইসলাম তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব নূর মোহাম্মদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা , কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোস্তাফিজুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ আলাউদ্দিন | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব উজ্জ্বল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব শফিকুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো: জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মো: আলী আক্তারুল হক চৌধুরী | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো: কামরুজ্জামান | প্রতিনিধি উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মো: এনামুল হক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব ফারমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব মো : আব্দুল কাদির | উপজেলা স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ৩২ | জনাব মোহাম্মদ ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্প,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট |
| ০২ | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৩ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |

CS CamScanner